

কিউশু বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসা সেবা নিতে  
আসা রোগী ও তাদের পরিবারের জন্য



কিউশু বিশ্ববিদ্যালয় হাসপাতাল

আন্তর্জাতিক রোগী সহায়তা কেন্দ্র

এপ্রিল ২০২৫, সংস্করণ ১।

## ~ আপনার সহযোগিতার জন্য অনুরোধ ~

কিউশু বিশ্ববিদ্যালয় হাসপাতাল একটি বিশেষায়িত চিকিৎসা প্রতিষ্ঠান যেখানে উন্নত চিকিৎসা সেবা প্রদান করা হয়। এটি জাপানের অন্যতম বৃহৎ হাসপাতাল, যেখানে ৪০ টিরও বেশি চিকিৎসা ও দস্তচিকিৎসা বিভাগ রয়েছে। এখানে ১,২৫০-এর বেশি শয্যা রয়েছে এবং প্রতিদিন গড়ে প্রায় ৩,০০০ রোগী বহির্বিভাগে আসেন। বিপুল সংখ্যক রোগীর চিকিৎসা ও অস্ত্রোপচার সুষ্ঠু ভাবে পরিচালনা নিশ্চিত করার জন্য আমরা রোগী ও তাদের পরিবারের প্রতি অনুরোধ জানাই হাসপাতালের নীতিমালা বুঝে ও মেনে চলার জন্য।

### ১. সংক্রমণ নিয়ন্ত্রনে করণীয়

আপনার যদি জ্বর বা সর্দি-কাশির উপসর্গ থাকে তবে অনুগ্রহ করে নির্ধারিত দিনে হাসপাতাল পরিদর্শনের পূর্বেই আমাদের সাথে যোগাযোগ করুন। সংক্রমণ প্রতিরোধে হাসপাতালের ভেতরে মাস্ক পরা অপরিহার্য। এছাড়াও হাত পরিষ্কার রাখার ক্ষেত্রে আপনার সহযোগিতা কামনা করছি। হাসপাতালের লবি ও বিভাগীয় অপেক্ষাগারে খাওয়া-দাওয়া থেকে বিরত থাকুন। নির্ধারিত এলাকা যেমন রেস্টোরা ও ক্যাফে ব্যতীত অন্য কোথাও খাবার ও পানীয় পান করা নিষেধ।

### ২. চিকিৎসা নীতি

যদি কোনো রোগী আমাদের ডাক্তার বা বিভাগ কর্তৃক প্রস্তাবিত চিকিৎসা পরিকল্পনার সাথে একমত না হন, তাহলে তাকে অন্য কোনো চিকিৎসা প্রতিষ্ঠানে সেবা গ্রহণের পরামর্শ দেওয়া হতে পারে এবং আমাদের হাসপাতালে চিকিৎসা প্রদান সম্ভব নাও হতে পারে। সেক্ষেত্রে, চিকিৎসা গ্রহণের আগে আপনাকে প্রদানকৃত নিয়মাবলী ভালভাবে পড়ে বিস্তারিত বুঝে নিন এবং তারপরে অঙ্গীকার ফর্মে স্বাক্ষর করুন।

### ৩. প্রাথমিক অ্যাপয়েন্টমেন্ট ও পরামর্শ প্রক্রিয়া

আমাদের হাসপাতালে সরাসরি কোনো রোগী গ্রহণ করা হয় না। অন্য হাসপাতাল বা চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক রেফারেন্স করা রোগীকে আমাদের হাসপাতালে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে গ্রহণ করা হয়। প্রথমে আপনি আপনার প্রাথমিক চিকিৎসকের সঙ্গে পরামর্শ করুন। তিনি যদি মনে করেন যে আপনার জন্য আমাদের হাসপাতালে চিকিৎসা করানো জরুরী তাহলে তিনি কিউশু হাসপাতাল বরাবর একটি চিঠি ইস্যু করবেন এবং সেটার ওপর ভিত্তি করে প্রথমবার আপনাকে

অ্যাপয়েন্টমেন্ট দেয়া হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

যারা পূর্বে আমাদের চিকিৎসা সেবা নিয়েছেন তাদের ক্ষেত্রে, যদি শেষবার ডাক্তার দেখানোর সময় এক বছরের বেশি বা দন্তচিকিৎসার ক্ষেত্রে ছয় মাসের বেশি সময় অতিবাহিত হয়ে থাকে, তবে তাকে আবার প্রথমবারের পরামর্শ নিতে আসা রোগী হিসেবে গণ্য করা হবে। এই পরিস্থিতিতে, যদি আপনার কাছে রেফারেন্স চিঠি না থাকে, তবে স্ট্যান্ডার্ড চিকিৎসা ব্যয়ের পাশাপাশি ৭,৭০০ ইয়েন (অথবা দন্তচিকিৎসার জন্য ৫,৫০০ ইয়েন) অতিরিক্ত ফি দিতে হবে (মূলত, রেফারেন্স চিঠি ছাড়া রোগীদের দেখা সম্ভব নয়)।

#### ৪. পরবর্তী অ্যাপয়েন্টমেন্ট

চিকিৎসকের পরামর্শ নেয়ার শেষে, পরবর্তী অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করা হয়। এসময় আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্ট স্লিপ প্রদান করা হবে। অনুগ্রহ করে স্লিপে উল্লেখিত সময়ে নির্ধারিত স্থানে উপস্থিত থাকুন।

#### ৫. অ্যাপয়েন্টমেন্ট পরিবর্তন অথবা বাতিলকরণ

জরুরি প্রয়োজন না হলে অনুগ্রহ করে আপনার অ্যাপয়েন্টমেন্টের তারিখ বা সময় পরিবর্তন করা থেকে বিরত থাকুন। যদি একান্ত প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে আমাদের অ্যাপ ব্যবহার করে আপনার অ্যাপয়েন্টমেন্ট পরিবর্তন করুন।

\* এই অ্যাপটির ভাষা শুধুমাত্র জাপানিজ। তাই এটি ব্যবহারের জন্য জাপানি ভাষায় দক্ষ কারো সহযোগিতা নিন। অ্যাপ ব্যবহারের নিয়মাবলী নিম্নের কিউআর কোডের মাধ্যমে অ্যাক্সেস করা যেতে পারে।



যদি আপনি ফোন কলের মাধ্যমে আপনার অ্যাপয়েন্টমেন্ট পরিবর্তন বা বাতিল করতে চান, তবে অনুগ্রহ করে একজন জাপানি ভাষাভাষী ব্যক্তিকে সহায়তার জন্য অনুরোধ করুন অথবা ফ্রি দোভাষী সেবা ব্যবহার করার জন্য ফুকুওকা আন্তর্জাতিক চিকিৎসা সহায়তা কেন্দ্রের নম্বরে কল করুন: 092-286-9595.

## ৬. অপেক্ষার সময়

প্রতিদিন অনেক রোগী হাসপাতাল পরিদর্শন করেন, ফলে কখনও কখনও ডাক্তারের পরামর্শের জন্য আপনাকে দীর্ঘ সময় অপেক্ষা করতে হতে পারে। আপনার অ্যাপয়েন্টমেন্টের দিনে, অনুগ্রহ করে পর্যাপ্ত সময় হাতে নিয়ে আসুন।

যদি আপনার পরামর্শের আগে রক্ত পরীক্ষা প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে নির্ধারিত সময়ের প্রায় এক ঘণ্টা আগে হাসপাতালে এসে পৌঁছান।

## ৭. রোগীদের পরামর্শের জন্য সহায়তা অফিস

রোগীর বা তাদের পরিবারের চিকিৎসা সংক্রান্ত যেকোনো প্রশ্ন, সামাজিক সহায়তা ব্যবস্থা, হাসপাতালে ভর্তি সংক্রান্ত তথ্য এবং অন্যান্য প্রশ্নের ব্যাপারে সহায়তা প্রদান করার জন্য একটি সহায়তা অফিস রয়েছে। অফিস চলাকালীন সময়ে এই অফিসের পরামর্শকরা সংশ্লিষ্ট বিভাগ ও পেশাদারদের সঙ্গে যোগাযোগের মাধ্যমে নিরপেক্ষভাবে বিভিন্ন সমস্যা সমাধানের জন্য উদ্যোগ গ্রহণ করেন।

স্থান: রোগী পরামর্শ সহায়তা অফিস, স্বাস্থ্য নেটওয়ার্কিং সেন্টার, ১ম তলা, বহির্বিভাগ।

ফোন নম্বর: 092-642-5512 (শুধুমাত্র জাপানি ভাষায় কথা বলা হয়)।

## ৮. ভাষা সহায়তা

ইংরেজি ও চাইনিজ ভাষায় সহায়তা দেয়ার জন্য আমাদের হাসপাতালে একজন ইংরেজি-জাপানি এবং একজন চাইনিজ-জাপানি দোভাষী রয়েছেন। এছাড়াও আইপ্যাডে ভিডিও কলের মাধ্যমে আরো ৩২টি ভাষায় সহায়তা দেয়ার জন্য একটি রিমোট সহায়তা কেন্দ্র রয়েছে। এই ভাষান্তর সেবাগুলি শুধুমাত্র চিকিৎসকার দেওয়া পরামর্শ ব্যাখ্যা করার জন্য। রিসেপশন, প্রশাসনিক প্রক্রিয়া এবং বিলিংয়ের জন্য, অনুগ্রহ করে জাপানি ভাষায় দক্ষ কাউকে আপনার সাথে আনুন।

## ৯. মেডিকেল সার্টিফিকেট বা নথি অনুবাদ সংক্রান্ত

হাসপাতাল থেকে ইংরেজি বা চাইনিজ ভাষায় কোনো সার্টিফিকেট/সনদ, রিপোর্ট বা নথি প্রয়োজন হলে, এখানে অনুবাদ সেবা প্রদান করা হয়। সেক্ষেত্রে নির্ধারিত ফি ছাড়াও অনুবাদের জন্য আলাদা ফি প্রযোজ্য এবং এই প্রক্রিয়াতে সাধারণত এক থেকে দুই সপ্তাহ সময় লাগে।

যেসব গর্ভবতী মায়েরা হাসপাতালে সন্তান প্রসবের পরিকল্পনা করছেন, তাদের জন্য আমরা পরামর্শ দিচ্ছি যে, তারা পূর্বে দূতাবাস বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে নিশ্চিত করুন যে,

আপনার বাচ্চার ইংরেজিতে অনুবাদিত জন্ম সনদ প্রয়োজন কিনা।

অনুবাদের জন্য, অনুগ্রহ করে ১ম তলায় মেডিকেল সার্টিফিকেট ডেস্ক বা সংশ্লিষ্ট চিকিৎসা বিভাগের সাথে যোগাযোগ করুন। নথি অনুবাদ ও সংশ্লিষ্ট ফি সম্পর্কে আরও বিস্তারিত জানার জন্য, আন্তর্জাতিক রোগী সহায়তা কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

আন্তর্জাতিক রোগী সহায়তা কেন্দ্রের ফোন নম্বর: 092-642-4231.

### ১০. পছন্দমত মহিলা/পুরুষ ডাক্তার নির্বাচন প্রসঙ্গে

এই হাসপাতালে যেকোনো রোগীর চিকিৎসা একটি টিমের মাধ্যমে পরিচালনা করা হয়, তাই কোন ডাক্তারকে আপনি দেখাতে চান সেটা নির্ধারণ করার কোনো সুযোগ এখানে নেই। রোগীর ধর্ম ও অন্যান্য বিশ্বাসের প্রতি সহানুভূতি রেখে আপনাদের অনুরোধ অনুযায়ী আমাদের কর্তৃপক্ষ মহিলা/পুরুষ ডাক্তার প্রদানের জন্য চেষ্টা করবে। তবে সকল ক্ষেত্রে এমন অনুরোধ রক্ষা করা সম্ভব নাও হতে পারে।

জরুরি পরিস্থিতিতে রোগীর পছন্দমত মহিলা বা পুরুষ ডাক্তারের সেবা দেয়া অসম্ভব হয়ে পড়ে, তাই অনুগ্রহ করে হাসপাতাল পরিদর্শনের আগে এই নীতিগুলি সম্পূর্ণরূপে বুঝে নিন।

### ১১. হাসপাতালে ভর্তিরত অবস্থায় ডাক্তারের পরামর্শ নেয়ার নিয়ম

আপনি কোন ওয়ার্ডে ভর্তি আছেন সে অনুযায়ী ডাক্তারের পরামর্শ নেয়ার নিয়ম আলাদা হতে পারে। হাসপাতালে ভর্তিরত রোগীকে ডাক্তার দেখানোর জন্য যে নির্দিষ্ট সময় ও স্থান নির্ধারণ করা হয়েছে এবং সর্বোচ্চ কত সংখ্যক রোগী সেখানে অবস্থান করতে পারবে সেই সংক্রান্ত নিয়মাবলীগুলো জেনে নিন এবং মেনে চলুন। সকল রোগীর জন্য একটি সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

### ১২. হাসপাতালের খাবার

হাসপাতাল কর্তৃপক্ষ সকল রোগীর জন্য একই খাবার প্রস্তুত করেন। হালাল খাবার বা ধর্মীয় বিশ্বাস অনুযায়ী বিশেষ খাবার প্রস্তুত করা হয় না। ভর্তি হওয়ার আগে, বহির্বিভাগ বা পেরি-অপারেটিভ সাপোর্ট সেন্টার বা হাসপাতালের ওয়ার্ডে আপনার খাবার সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। যেসব খাবারে আপনার এলার্জি আছে অথবা যেসব খাবার আপনার জন্য ধর্মীয় ভাবে নিষিদ্ধ সেগুলো ঐ সময় হাসপাতালের কর্মীদের জানিয়ে দিন। কর্তৃপক্ষ তখন ঐসব খাবার বাদ দিয়ে আপনার জন্য অন্য খাবার প্রস্তুত ও পরিবেশন করবে।

খাওয়ার জন্য আমরা আলাদা কোনো উপকরণ (যেমন: প্লেট, গ্লাস) সরবরাহ করি না, তাই আপনার প্রয়োজনীয় জিনিসপত্র বাসা থেকে নিয়ে আসতে পারেন অথবা নিচতলায় অবস্থিত কনভেনিয়েন্স স্টোর থেকে কিনতে পারেন। আপনার কক্ষে থাকা ফ্রিজ ও টিভি (আলাদা কার্ড কিনতে হবে) বা ডে-রুমের মাইক্রোওয়েভ ওভেন (ফ্রি) প্রয়োজনে ব্যবহার করতে পারেন।

### ১৩. শিশুর ফর্মুলা দুধ

হাসপাতাল নবজাতকদের জন্য Sukoyaka (Beanstalk Snow) দুধ সরবরাহ করে, যার মধ্যে শূকরের চর্বি বা শূকরের অন্য কোনো উপাদান নেই। যদি এ সম্পর্কে আপনার কোনো প্রশ্ন/উদ্বেগ থাকে, অনুগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করুন।

### ১৪. সংস্কৃতি ও বিশ্বাস সম্পর্কিত পোশাক/অলংকার

যদি কোনো রোগী হাসপাতালে ভর্তির সময় ধর্মীয় বা সাংস্কৃতিক কারণে হিজাব বা গহনা পরতে চান, আমরা সেই অনুরোধ মেনে নেওয়ার সর্বোচ্চ চেষ্টা করব। তবে বিভিন্ন টেস্টের সময় বা চিকিৎসার ধরন অনুযায়ী, রোগীকে এই পোশাক/অলংকার খুলে ফেলতে বলা হতে পারে।

### ১৫. নামাজের ব্যবস্থা

যেসব রোগী হাসপাতালে থাকাকালীন নামাজ আদায় করতে চান, তাদের জন্য হাসপাতাল ‘Prayer in Progress’ লিখিত লেমিনেটেড কাগজ সরবরাহ করে। বড় কক্ষের ক্ষেত্রে পর্দার সাথে এবং ব্যক্তিগত কক্ষের ক্ষেত্রে দরজার সাথে এই কাগজটি লাগিয়ে দিন।

এছাড়াও, মুসলিম রোগীদের জন্য হাসপাতালের প্রধান গেটের সামনে, প্রথম ফার্মাসি বিল্ডিংয়ের (1F Ain Pharmacy) দ্বিতীয় তলায় একটি নামাজের কক্ষ রয়েছে, যা প্রয়োজনে ব্যবহার করা যেতে পারে।

### ১৬. মৃত্যুজনিত প্রক্রিয়া

চিকিৎসারত অবস্থায় যদি কোনো রোগীর মৃত্যু ঘটে, তাহলে আমরা বিনীতভাবে অনুরোধ করি যে রোগীর পরিবার যত দ্রুত সম্ভব হাসপাতাল থেকে ছাড়পত্র গ্রহণ করে মৃতদেহকে নিজ দায়িত্বে হাসপাতাল থেকে নিয়ে যেতে। এই হাসপাতালে মৃতদেহকে ধর্মীয় নিয়মানুসারে গোসল করানোর কোনো ব্যবস্থা নেই অথবা দীর্ঘ সময় মৃতদেহ সংরক্ষণের জন্য কোনো মরচুয়ারি পরিষেবা প্রদান করে না।

### ১৭. বিল পরিশোধের প্রক্রিয়া

বহির্বিভাগের ১ম তলার ৫ নম্বর কাউন্টারে বা স্বয়ংক্রিয় পেমেন্ট মেশিনে সমস্ত ধরনের বিল পরিশোধ করা যায়। অফিশিয়াল সময়ের বাইরে, সাপ্তাহিক ছুটির দিনে এবং জাতীয় ছুটির সময়, বিল পরিশোধের জন্য দক্ষিণ ওয়ার্ডের ১ম তলার 'আফটার-আওয়ার্স রিসেপশন' সেকশনে গিয়ে সম্পন্ন করতে হবে।

আমরা বিনীতভাবে অনুরোধ করি যে চিকিৎসা পরিষেবা (মেডিকেল ফি গণনা সম্পন্ন হওয়ার) নেয়ার পরপরই যত দ্রুত সম্ভব বিল পরিশোধ করুন। নগদ টাকা, ক্রেডিট কার্ড, বা ডেবিট কার্ডের মাধ্যমে বিল পরিশোধ করা যেতে পারে।

### ১৮. জরিপে অংশগ্রহণের অনুরোধ


আন্তর্জাতিক রোগী সহায়তা কেন্দ্র সেবার মান উন্নত করার লক্ষ্যে নিয়মিত জরিপ পরিচালনা করা হয়। জরিপটি সম্পূর্ণ করতে আনুমানিক ২ মিনিট সময় লাগবে। অনুগ্রহ করে নিচের QR কোড ব্যবহার করে জরিপে অংশগ্রহণ করুন।

আপনার সহযোগিতার জন্য আমরা কৃতজ্ঞ।

জরিপটি শুধুমাত্র ইংরেজি এবং চাইনিজ ভাষায় বিদ্যমান।



ইংরেজি



চাইনিজ